দৈনিক বাংলা

তারিখ 23 JUL 1995
পৃষ্ঠা ৮ কলাম ৩

25

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির দাবী মানার আহ্বান

**স্টাফ রিপোর্টার ঃ** সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতি চলতি মাসের মধ্যে তাদের ১২ দফা দাবী মেনে নেয়ার আহবান জানিয়েছে।

শনিবার সমিতির সভাপতি সেকেন্দার আলী খলিফা এক সাংবাদিক সেম্মলনে এই দাবী জানান। জাতীয় প্রেসক্লাবে অনুষ্ঠিত এই সাংবাদিক সম্মেলনে সমিতির অন্যান্য কর্মকর্তার মধ্যে হাবিবুল্লাহ, খান আবদুল আজিজ, আবদুল বাশার প্রমুখ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

সাংবাদিক সম্মেলনে তাঁরা আরো জানানঃ চলতি মাসের মধ্যে তাদের দাবী পূরণ না হলে তারা আগষ্ট থেকে বৃহত্তর আন্দোলনের কর্মসূচী নেবেন।

উল্লেখ্য যে, সমিতির ১২ দফা দাবীর মধ্যে রয়েছে অবিলম্বে শিক্ষকদের প্রথম শ্রেণীর সরকারী কর্মচারীর মর্যাদা, প্রতিটি স্কুলের শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষকের শূন্য পদে লোক নিয়োগ ও পদোন্নতির ব্যবস্থা এবং পদোন্নতি প্রাপ্ত শিক্ষকদের প্রশাসনিক ক্ষেত্রে আত্মীকরণের ব্যবস্থা করা প্রভৃতি।